

কমিশন কর্তৃক ৩০/১১/১১ তারিখে অনুমোদিত চার্জশীট

➤ ক্রমিক নং	:	০১
মামলার নম্বর ও তারিখ	:	তাড়াশ (সিরাজগঞ্জ) থানা মামলা নং-০৭, তাং-১১/১১/২০০২ ইং ।
তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবী	:	রিজিয়া খাতুন, সহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, পাবনা ।
অভিযুক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও পদবী	:	মোঃ আক্তার হোসেন, প্রাক্তন অফিস সহকারী পি আই ও অফিস, তাড়াশ, সিরাজগঞ্জ ।
অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	:	জাল জালিয়াতির আশ্রয় নিয়ে ক্ষমতার অপব্যবহার ও বিশ্বাস ভঙ্গের মাধ্যমে ১,৮৩,০০০/-টাকা আত্মসাতের অভিযোগ ।
তদন্তের ফলাফল	:	১৯৯৮ ও ১৯৯৯ সনে তাড়াশ উপজেলায় গৃহ নির্মাণ মঞ্জুরী খাতের যথানিয়মে চেক সংরক্ষনকারী অফিস সহকারী মোঃ আক্তার হোসেন কর্তৃক গৃহ নির্মাণ মঞ্জুরী বাবদ বৈধ চেক টি এন ও থেকে স্বাক্ষর গ্রহণকালে কৌশলে ব্যস্ততার সুযোগে থানা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অবন্টনকৃত ও অননুমোদিত ২টি চেকে টি এন ও এবং ১টি চেকে দেশী গ্রাম ইউপি চেয়ারম্যান এর স্বাক্ষর গ্রহণ করে ও ৪টি চেকে টি এন ও এবং ৩টি চেকে সংশ্লিষ্ট চেয়ারম্যানদের স্বাক্ষর জাল করে বেয়ারার চেক ইস্যু দেখিয়ে সর্বমোট ১,৮৩,০০০/-টাকা নিজেই ব্যাংক থেকে উত্তোলন পূর্বক মিথ্যা, প্রতারণা ও জাল জালিয়াতির আশ্রয়ে অপরাধজনক বিশ্বাস ভঙ্গ ও ক্ষমতার অপব্যবহারের মাধ্যমে আত্মসাত করেছেন মর্মে অভিযোগ তদন্তে প্রতিষ্ঠিত হয়েছে ।
কমিশনের সিদ্ধান্ত	:	চার্জশীট দাখিলের অনুমোদন ।